

ঢাকা শিক্ষা বোর্ডের নতুন চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আক্তারুজ্জামান



অধ্যাপক সৈয়দ আক্তারুজ্জামান। ছবি: সংগৃহীত

ময়মনসিংহ প্রতিনিধি

প্রকাশ: ০৯ জুন ২০২৬ | ১৪:৫৮ | আপডেট: ০৯ জুন ২০২৬ | ১৫:২৪



ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের নতুন চেয়ারম্যান হিসেবে নিয়োগ পেয়েছেন শিক্ষাবিদ অধ্যাপক সৈয়দ আক্তারুজ্জামান। এ বিষয়ে সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

এর আগে তিনি ময়মনসিংহ শিক্ষা বোর্ড-এর পরীক্ষা নিয়ন্ত্রক হিসেবে দায়িত্ব পালন করেন। চেয়ারম্যানের পদ শূন্য হওয়ার পর বোর্ডের চেয়ারম্যানের রুটিন দায়িত্বও পালন করছিলেন তিনি। মঙ্গলবার তাকে ময়মনসিংহ শিক্ষা বোর্ড থেকে আনুষ্ঠানিকভাবে বিদায় জানানো হয়।

অধ্যাপক সৈয়দ আক্তারুজ্জামান ১৬তম বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের একজন কর্মকর্তা। শিক্ষা প্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালনের অভিজ্ঞতা রয়েছে তার। ২০২৫ সালের ১৫ জানুয়ারি তিনি ময়মনসিংহ শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক হিসেবে যোগদান করেন। অধ্যাপক সৈয়দ আক্তারুজ্জামান জাতীয়তাবাদী রাজনৈতিক মতাদর্শের শিক্ষা ক্যাডার কর্মকর্তা হিসেবে সর্বমহলে পরিচিত।

দায়িত্ব পালনকালে বিভিন্ন পাবলিক পরীক্ষা সুষ্ঠু, স্বচ্ছ ও শৃঙ্খলাপূর্ণভাবে সম্পন্ন করার ক্ষেত্রে ভূমিকা রাখায় তিনি শিক্ষা অঙ্গনে প্রশংসা অর্জন করেন।